



জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৭২ এর ভালো ফলন হওয়া ক্ষেত

-সংবাদ

জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৭২ কম সময়ে অধিক ফলন

কাজী কামাল হোসেন, নওগাঁ

নওগাঁয় জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৭২ জাতের ধান চাষে আশ্রয়ী হয়ে উঠেছেন কৃষকরা। অন্যান্য ধানের থেকে কমসময়ে ধান উৎপাদন, অধিক ফলন এবং পুষ্টিগুণ থাকার কারণে কৃষকরা এ ধান চাষে আশ্রয়ী হয়ে উঠেছেন। শরীরে বিশেষ পুষ্টির চাহিদা পূরণে সক্ষম জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৬২ চাষের সফলতার পর এ বছর আমন মৌসুমে নওগাঁর কৃষকদের মধ্যে জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৭২ জাতের ধান চাষ করে সফল হয়েছেন কৃষকরা।

মান্দা উপজেলার ছোট বেলালদহ গ্রামের কৃষক আব্দুর রানী পাল, শ্রী ভগিরথ চন্দ্র তাঁতী এবং মানিক হোসেন বলেছেন নারী ও শিশুদের সরাসরি বিশেষ পুষ্টির চাহিদা মেটাতে সক্ষম জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৭২ জাতের ধান অতি অল্প সময়ে উৎপাদিত হয়। তুলনামূলকভাবে ফলন ভালো এবং এই ধান কেটে একই জমিতে মধ্যবর্তী রবি ফসল উৎপাদন সম্ভব। তার সফল পাচ্ছেন তারা।

তারানা জানান, আমন মৌসুমের অন্যান্য ধান উৎপাদনে মোট সময় ১৫৫ দিন থেকে ১৬০ দিন সময় লাগলেও

ব্রিধান-৭২ বীজতলায় বীজ বপন থেকে ধান কাটা পর্যন্ত সময় লাগে মোট ১৩০ দিন। এর ফলনও ভালো হয়। এ বছর প্রতি বিঘা জমিতে ২২ থেকে ২৪ মণ ধান উৎপাদনের আশা করছেন তাঁরা।

সিসিভিবি মান্দার প্রকল্প সমন্বয়কারী রণজিৎ কুমার সাহা বলেছেন, নওগাঁ জেলার মান্দা উপজেলা এবং রাহশাহী জেলার তালোর ও মোহনপুর উপজেলায় গবেষণা প্রতিষ্ঠান হারবেস্ট বাংলাদেশের সহযোগিতায় বেসরকারি উন্নয়ন সংস্থা সিসিভিবি মোট ১ হাজার ৯শ' কৃষককে আশ্রয়ী করেছেন। এ লক্ষ্যে ৩ হাজার ৮শ' কৃষককে জনপ্রতি ১ প্যাকেট করে বীজ বিনামূল্যে বীজ সরবরাহ করা হয়েছে।

মান্দা উপজেলা কৃষি কর্মকর্তা মো. হাফিজুর রহমান বলেছেন, জিঙ্কসমৃদ্ধ ব্রিধান-৭২ এর পুষ্টিগুণ, ফলন ভালো এবং কম সময়ে উৎপাদিত হয়। এই চালের ভাত সুস্বাদু এবং সরাসরি পুষ্টি প্রাপ্তি ঘটে। বিশেষ করে নারী ও শিশুদের শরীরে বিশেষ পুষ্টির চাহিদা পূরণ করে। এজন্য ব্রিধান-৭২ চাষ অত্যন্ত লাভজনক।